

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৪৭

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৫. হাযিযগ্রস্ত মহিলা তার পরিধেয় কাপড় পবিত্র করে সেই কাপড়েই সালাত আদায় করতে পারবে

بَابُ الْمَرْأَةِ الْحَائِضِ تُصلِّي فِي ثَوْبِهَا إِذَا طَهُرَتْ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدِ الْقَطَّانُ حَدَّثَنِي جَابِرُ بْنُ صَبُحٍ قَالَ سَمِعْتُ عَائِشَةَ تَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ سَمِعْتُ خِلَاسَ بْنَ عَمْرِو قَالَ سَمِعْتُ عَائِشَةَ تَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبُو الْقَاسِمِ يَكُونُ مَعِي فِي الشِّعَارِ الْوَاحِدِ وَأَنَا حَائِضٌ طَامِثٌ إِنْ أَصَابَهُ مِنِي شَيْءٌ فَعَلَ شَيْءٌ غَسَلَ مَا أَصَابَهُ لَمْ يَعْدُهُ إِلَى غَيْرِهِ وَصَلَّى فِيهِ ثُمَّ يَعُودُ وَإِنْ أَصَابَهُ مِنِي شَيْءٌ فَعَلَ مِثْلُ ذَلِكَ غَسَلَ مَكَانَهُ لَمْ يَعْدُهُ إِلَى غَيْرِهِ وَصَلَّى فِيهِ

বাংলা

১০৪৭. খিলাসা ইবনু আমর রাহি. বলেন, আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে বলতে শুনেছি, আবুল কাসিম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার সাথে আমার শরীরে লাগানো একই কাপড়ের নীচে শয়ন করতেন, আর তখন আমি হায়েযগ্রস্ত থাকতাম। আমার (শরীর) থেকে কোনো কিছু (হায়েযর রক্ত) তার শরীরে লেগে গেলে তিনি শুধু ঐ স্থানটুকু ধুয়ে ফেলতেন, তা বাদে বাকী অংশ ধুতেন না; এবং এ কাপড়েই সালাত আদায় করতেন। এরপর তিনি (আমার নিকট) ফিরে আসতেন। পুনরায় আমার (শরীর) থেকে কোনো কিছু (হায়েযের রক্ত) তার শরীরে লেগে গেলে তিনি অনুরূপ করতেন: তিনি শুধু ঐ স্থানটুকু ধুয়ে ফেলতেন, তা বাদে বাকী অংশ ধুতেন না; এবং এ কাপড়েই সালাত আদায় করতেন।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান, মুসা ইবনু মুহাম্মদ ইবনু হিব্বান এর জন্য। তবে অনেক নির্ভরযোগ্য রাবী তার অনুরূপ বর্ণনা করেছেন।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি ও এর শাহিদ হাদীস উল্লেখ করেছি মুসনাদুল মাউসিলী নং ৪৮০২ এ।



(আহমাদ ৬/৪৪; আবু দাউদ ২৬৯, ২১৬৬; বাইহাকী ১/৩১৩; নাসাঈ ২৮৫, ৩৮২, ৭৭৪; বুখারী (শব্দের পরিবর্তনসহ) ৩০৮; ইবনু মাজাহ ৬৩০।)

এর শাহিদ রয়েছে আসমা বিনতে আবু বাকর হতে হুমাইদী নং ৩২০; শাফিঈ, আল উম্মু ১/৬৭; আব্দুর রায্যাক নং ১২২৩; আহমাদ ৬/৩৪৫, ৩৪৬; বুখারী ৩০৭; মুসলিম ২৯১; মালিক ১০৫।

অপর একটি শাহিদ হাদীস উম্মু কাইস হতে ইবনু হিব্বান নং ১৩৮২ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খিলাসা ইবনু আমর (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন